

তারিখ ... 21 MAY 2003  
পৃষ্ঠা ... 9 ... 2

## ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্টার্ড গ্র্যাজুয়েট নির্বাচনে হাড্ডাহাড্ডি লড়াই!

শরিফুল্লাহমান পিকু

দেশের দ্বিতীয় পার্লামেন্ট বলে খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে ২৫ রেজিস্টার্ড গ্র্যাজুয়েট নির্বাচনে ২৩ সহস্রাধিক ভোটারের নজর কাড়ার লড়াই শেষ পর্যায়ে। সর্বশক্তি নিয়ে মাঠে নামা সরকার সমর্থক ও সরকারবিরোধী দু'টি প্যানেলের মধ্যে এবার হাড্ডাহাড্ডি লড়াই স্পষ্ট হয়ে উঠছে। ভোট গ্রহণ শুরু আগের আগে সরকারবিরোধী এবং মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি গণতান্ত্রিক ঐক্য পরিষদ আগামীকাল থেকে শুরু হওয়া সিনেট নির্বাচন অব্যাহত ও সূষ্ঠা হবে না বলে আশঙ্কা প্রকাশ করেছে। মঙ্গলবার এক সাংবাদিক সম্মেলনে পরিষদ নেতৃবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন এবং বিএনপি-জামায়াত সমর্থক প্রার্থীদের বিরুদ্ধে অভিযোগ করেছে যে, তারা বিজয় ছিনিয়ে নেবার জন্য নানা অসঙ্গতি

### কাল সিনেট নির্বাচন শুরু

অব্যাহত রাখা ও অনিয়ম শুরু করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এসএমএ ফায়েজ বলেন, নির্বাচনে বিজয়ী হবার জন্য সরকারী কর্মকর্তা ও সরকারী শিক্ষকদের ওপর নানাভাবে চাপ সৃষ্টি করা হচ্ছে বলে সন্দেহনে আরও অভিযোগ তোলা হয়েছে। শিক্ষার পরিবেশ উন্নয়নের নামে সরকারী কলেজে সভা ডেকে জাতীয়তাবাদী ঐক্য পরিষদ সিনেট নির্বাচনে প্রচার অভিযান চালাচ্ছে বলে উল্লেখ করা হয়।

এদিকে বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিরুদ্ধে অভিযোগ সম্পর্কে উপাচার্য ড. এসএমএ ফায়েজ বলেন, নির্বাচনে অনেক ভোটার ভোটার কার্ড পাননি বলে প্রতিদ্বন্দ্বী দু'টি প্যানেলই অভিযোগ করেছে। এর কারণ হিসাবে তিনি ভোটারদের ঠিকানা পরিবর্তনের কথা উল্লেখ করেন। নির্বাচন পরিচালনায় গঠিত কমিটিতে পুরনো ও অভিজ্ঞ কর্মকর্তাদের বাদ দেয়া প্রসঙ্গে তিনি বলেন, প্রত্যেক নির্বাচন পরিচালনার জন্য একটি কমিটি হয়। এবারও হয়েছে। আগে যারা নির্বাচন পরিচালনা করেছে তারা এবারের কমিটিতে থাকবে এমন কোন কথা নেই। আবার এবার যারা কমিটিতে আছে তারা আগামী চার বছর পর গঠিত কমিটিতে থাকবে এমন কথা নেই। বিশ্ববিদ্যালয়ে ভোটারদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য পুলিশের সহযোগিতা চাওয়া হয়েছে বলে উপাচার্য উল্লেখ করেন। গণতান্ত্রিক ঐক্য পরিষদের সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ডাকসুর সাবেক ডিপি ও সাবেক কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী, সাবেক উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী, সাবেক সচিব এএমএ মুহিত, অবজারভার সম্পাদক ইকবাল সোবহান চৌধুরী, ব্যারিস্টার এম আমীর-উল ইসলাম, অধ্যাপক সুলতানা শফি, সৈয়দ আহমেদ প্রমুখ। পরিষদের পক্ষ থেকে জোট সরকারের দুশাসন থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় ও পোটা দেশকে রক্ষার অসীকার করে সাতদফা পূরণে রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের ভোট ও সমর্থন কামনা করা হয়।

এদিকে জাতীয়তাবাদী পরিষদ আজ বুধবার বিকাল চারটায় মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজ মাঠে প্রভেদকশনসভার আয়োজন করেছে। সভায় বক্তব্য রাখবেন অধ্যাপক এমআইউদ্দিন আহমেদ, অধ্যাপক নসিরুজ্জামান মিক্রা, ব্যারিস্টার মইনুল হোসেন, বিচারপতি আব্দুর রউফ প্রমুখ।

এদিকে জাতীয়তাবাদী পরিষদ আজ বুধবার বিকাল চারটায় মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজ মাঠে প্রভেদকশনসভার আয়োজন করেছে। সভায় বক্তব্য রাখবেন অধ্যাপক এমআইউদ্দিন আহমেদ, অধ্যাপক নসিরুজ্জামান মিক্রা, ব্যারিস্টার মইনুল হোসেন, বিচারপতি আব্দুর রউফ প্রমুখ।

এদিকে জাতীয়তাবাদী পরিষদ আজ বুধবার বিকাল চারটায় মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজ মাঠে প্রভেদকশনসভার আয়োজন করেছে। সভায় বক্তব্য রাখবেন অধ্যাপক এমআইউদ্দিন আহমেদ, অধ্যাপক নসিরুজ্জামান মিক্রা, ব্যারিস্টার মইনুল হোসেন, বিচারপতি আব্দুর রউফ প্রমুখ।